

# 📃 আল-ফাজর | Al-Fajr | ٱلْفَجْر

আয়াতঃ ৮৯:১৯

## 💵 আরবি মূল আয়াত:

# وَ تَاكُلُونَ التُّرَاثَ آكلًا لَّمًّا ﴿١٩﴾

#### 

আর তোমরা উত্তরাধিকারের সম্পত্তি সম্পূর্ণরূপে ভক্ষণ কর। — আল-বায়ান
আর তোমরা উত্তরাধিকারীদের সব সম্পদ খেয়ে ফেল। — তাইসিরুল
এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণ রূপে আহার করে থাকো, — মুজিবুর রহমান
And you consume inheritance, devouring [it] altogether, — Sahih International

- ১৯. আর তোমরা উত্তরাধিকারের সম্পদ সম্পূর্ণরূপে খেয়ে ফেল(১),
  - (১) এখানে তাদের তৃতীয় মন্দ অভ্যাস বর্ণনা করা হয়েছে যে, তোমরা হালাল ও সব রকম ওয়ারিশী সম্পত্তি একত্রিত করে খেয়ে ফেল। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

## ১৯। এবং উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পূর্ণরূপে আত্মসাৎ করে থাক। [1]

[1] অর্থাৎ, যে কোন উপায়েই লাভ হোক; চাহে হালাল উপায়ে অথবা হারাম উপায়ে। المُ শব্দের অর্থ হল جَمعًا অর্থাৎ, সম্পূর্ণরূপে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6012

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন